D - 14999

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रु.

10Rs.

TEN RUPEES

Admissible under Rule ...
Duly Stamped / Exempted from stamp duty or does not require stamp duty under the Indian Stamp Act, 1899 as amended in 1964, Schedule I ..., ...
No. 4

E - 7/-
E - 7/-
H - 14/-
M(अ) - 4/-
32/-

8.11.93

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

१०रु. TEN RUPEES 10RS.

১৭

-: ঘোষণা পত্র দলিল:-

ঘোষণা পত্র দাতা:-

১। শ্রী অলোক কুমার ঘোষ,

২। শ্রী শৈবাল কুমার ঘোষ,

৩। কুমারী কোয়েলী ঘোষ,

সকলের পিতা মৃত মনিষী মোহন ঘোষ,

৪। শ্রীমতি অন্জলি ঘোষ,

স্বামী- মৃত মনিষী মোহন ঘোষ,

সকলের জাতি- হিন্দু,

১ নং ও ২ নং পেশা-চাকুরী,

৩ নং ও ৪ নং পেশা- গৃহস্থালী,

সর্ব্ব সাং- ৬/১৩ নর্ট রোড ,

দুর্গাপুর, জেলা- বর্দ্ধমান,

থানা- দুর্গাপুর ।

কস্য ঘোষণা পত্র দলিল মিদং কার্য্যান্চাগে :-

আমরা স্বয়ং ঘোষণা পত্র দাতাগণ অত্র ঘোষণা পত্র দলিল মূলে স্বীকার, অঙ্গিকার, প্রচার ও প্রকাশ করিতেছি যে, বিগত ইংরাজী ১।৬।৭২ তারিখে বেহালা সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৩৫ নং ভলুমে ২৬৬ হইতে ২৭১ নং পাতায়

লিখিত ১৯৭২ সনের ২২৮১ নং একেতা দলিল মূলে পূর্বতন মালিক শ্রী কান্তি রঞ্জন চক্রবর্তী মহাশয়ের নিকট হইতে ন্যায্য ও বাজারোচিত পণমূল্যে ক্রয়ে দুইখানি স্বতন্ত্র ও ভিন্ন অংশের ১৪ নং প্লট হিসাবে তপশীল বর্ণিত ও চিহ্নিত সম্পত্তি আমাদের ১ হইতে ৩ নং ঘোষণা পত্র দাতা দিগের পিতা এবং আমাদিগের ৪নং ঘোষণা পত্র দাত্রীর স্বামী মনিন্দ্র মোহন ঘোষ ক্রয় করেন ।

উক্ত সম্পত্তি উপরি উক্ত মতে মনিন্দ্র মোহন ঘোষ মহাশয় ক্রয় পূর্বক উহাতে বসবাস করাকালীন মালিক সরকারে নাম পত্তন করিয়া খাজনাদি আদায় দিতে থাকেন ।

প্রকাশ থাকে যে, তাঁহার মৃত্যুর পর উক্ত সম্পত্তিতে আমাদের মালিকানা স্বত্ব থাকাকালীন উক্ত মনিন্দ্র মোহন ঘোষ মহাশয়ের নামবরাবর রেজিষ্ট্রীকৃত দলিলের প্ল্যান ও প্লট সংশোধন নিমিত্ত উক্ত দলিলের কোবলা দাতা গত ইংরাজী ১৯৯১ সনের ২৬শে জুলাই তারিখে রেজিষ্ট্রীকৃত একখানি ডিড্ অফ ডিক্লেয়ারেশন/ ঘোষণা দলিল পত্র মূলে উক্ত ত্রুটি সংশোধন পূর্বক আমাদিগের বরাবরে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দেন। যাহা আলিপুর ডিস্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিসের বুক নং ১, ভল্যুম নং ১৪৮, পৃষ্ঠা ৪৬২ - ৪৬৮ লিখিত ১১৬০৮ নং দলিল মূলে নথিভুক্ত আছে ।

এক্ষণে উক্ত সম্পত্তিতে বসবাস করাকালীন আমরা মালিক সরকারে এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নাম পত্তন করিতে ইচ্ছুক হইয়া এই ঘোষণা পত্র প্রস্তুত করিয়া সহি সম্পাদন পূর্বক আরও প্রচার করিতেছি যে উক্ত সম্পত্তি দুইখানি স্বতন্ত্র ১৪ এ এবং অপরটি ১৪ বি প্লট হিসাবে চিহ্নিত হইতেছে । প্লট নং ১৪-বি নিম্নে বর্ণিত তপশীলে বিশেষ ভাবে উল্লিখিত হইল ।

নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহা ১৪-বি হিসাবে চিহ্নিত হইতেছে তাহার বর্ণনা মত মালিক সরকারে ও কলিকাতা কর্পোরেশনে আমাদের নাম পত্তন হওয়া আবশ্যক।

আরও প্রকাশ থাকে যে নাম পত্তন হইবার পরের বা কোন কালে যদি অত্র ঘোষণা পত্রের কোন একখানি অংশ কোনরূপ কারচুপি, তঞ্চকতা ও মিথ্যা প্রকাশ পাওয়া মূলে দোষ প্রকাশ পায় তবে তাহা সংশোধন ও তন্নিমিত্ত যাহা কিছু ক্ষয়-ক্ষতি সমস্তই আমরা পূরণ করিতে বাধ্য থাকিব।

এতদর্থে আমরা সুস্থ শরীরে, সরল অন্তঃকরণে, ও সুজ্ঞানে, অন্যের বিনানুরোধে অত্র ঘোষণা পত্র দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি বাংলা সন ১৪০০ সালের .৮.ই.বৈশাখ. .ইংরাজী ১৯৯৩ সালের .২২শে এপ্রিল. ।

-: তপশীল :-
**** ***********

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, হাল কসবা, সাব-রেজিষ্ট্রী অফিস-আলিপুর, পরগণা খাসপুর, অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত রে: সা: নং ৩, জে: এল: নং -২৫, মৌজা- নয়াবাদ গ্রামের অত্র জেলা কালেক্টারীর ৫৬ নং তৌজি ভূক্ত সাবেক ৫ ও ৬ নং খতিয়ান হাল- ১, ১৩৯, ১৪০ এবং ইহার পরিবর্তে ১ নং খন্ড খতিয়ানের অন্তর্গত ১১৪, ১১৬, ১১৮, ১২০, ১২২, ১২৩, ১২৫, ১২৭, ১২৯, ১৩১, ১৩৩ ১৩৬, ১৩৮, ১৪৪, ১৪৫ নং খতিয়ান ভূক্ত ১১০ নং দাগে কমবেশী ।১ ছয় কাঠা জমি জমা যাহা প্লট ১৪-বি হিসাবে প্রদর্শিত এবং অত্র গ্রথীত নক্সায় লাল রঙে বিশেষ ভাবে চিহ্নিত হইতেছে।

পৃ..৪

( ৪ )

১৪বি, তপশীল চৌহদ্দি:-
** ********** **** ********

উত্তরে :- ৪০' ফুট প্রশস্ত রাস্তা ।

দক্ষিণে :- প্লট নং ১ ।

পূর্বে :- ২০' ফুট প্রশস্ত রাস্তা ।

পশ্চিমে :- প্লট নং ১১ বি ।

ইসাদি:-
************

Gauranga Sarkar
Advocate
Alipore Court
Cal-27


মুসাবিদাকারক:-
****************
Gauranga Sarkar
Advocate
Reg. No. 93/76.
Alipore Court, Cal-27.

টাইপকারক:-
***********

কমল কুমার ঘোষ,
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা- ৭০০০২৭ ।।

1193

11,999 10 Rs.




8.11.93

one plan pes 601

BOOK NO. I

VOLUME NO. 281

PAGES 476 TO

BEING NO 14999

FOR THE YEAR 1993

8.11.93

29-10-97